প্রাইম ব্যাংক

# CMSME সংক্রান্ত আপনার জিজ্ঞাসা ও উত্তর

# আর্থিক স্বাক্ষরতা কর্মসূচি - সিএমএসএমই

প্রাইম ব্যাংক তার আর্থিক স্বাক্ষরতা কর্মসূচির মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তির প্রচার এবং টেকসই আর্থিক স্বাক্ষরতাকে সমর্থন করে। ডিজিটাল এবং ফিজিক্যাল উভয় ধরনের প্রোগ্রাম পরিচালনার মাধ্যমে,ব্যাংক ব্যাপক সংখ্যক গ্রাহকদের কাছে পৌঁছানোর এবং গ্রাহকদের চাহিদা মেটাতে চেষ্টা করছে।

'সিএমএসএমই' গ্রাহকদের উপর প্রোগ্রামের ফোকাস বিশেষভাবে প্রশংসনীয়। কারণ এটি অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ অংশ এবং প্রায়শই গ্রাহকগন সব বিষয় সম্পর্কে ভালোভাবে অবগত না থাকার কারণে আর্থিক চ্যালেঞ্জের সম্মুখীন হন। এই ধরনের প্রোগ্রাম শুরু করার মাধ্যমে, প্রাইম ব্যাংক তাদের আর্থিক প্রোফাইল পরিচালনার জন্য প্রয়োজনীয় জ্ঞান এবং দক্ষতার সাথে ক্ষমতায়নের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ।

একটি সাম্প্রতিক ফোকাসড গ্রুপ ডিসকাশন (FGD) প্রোগ্রামে,আমাদের কয়েকজন নিয়মিত সিএমএসএমই গ্রাহক প্রাইম ব্যাংকের সাথে তাদের আর্থিক চিন্তা এবং তাদের প্রত্যাশা ব্যাক্ত করেছেন। তাদের প্রতিক্রিয়া এবং পরামর্শের উপর ভিত্তি করে,নিম্নে কিছু বিষয়ে বিস্তারিত আলোকপাত করা হয়েছে যা আমাদের গ্রাহক এবং সাধারন জনগনের জন্য গুরুত্বপূর্নঃ

## ১। আর্থিক স্বাক্ষরতা বলতে কি বোঝায়?

আর্থিক স্বাক্ষরতা বলতে বোঝায়, দক্ষতা এবং জ্ঞান বৃদ্ধির মাধ্যমে অর্থ পরিচালনার বিষয়ে জ্ঞাত সিদ্ধান্ত নেয়া। এতে বাজেট, সঞ্চয়, বিনিয়োগ, ঋণ ব্যবস্থাপনা এবং আর্থিক পণ্য ও পরিষেবা বোঝার মতো ধারণা অন্তর্ভুক্ত রয়েছে।

## ২। আর্থিক স্বাক্ষরতা কেন গুরুত্বপূর্ন?

চতুর্থ শিল্প বিপ্লবের এই সময়ে আমরা স্মার্ট বাংলাদেশ বিনির্মানে কাজ করছি, কাজেই আর্থিক স্বাক্ষরতা বিশেষ গুরুত্ব বহন করে, কারণ বিভিন্ন ডিজিটাল পরিষেবা আর্থিক অন্তর্ভুক্তির জন্য নতুন মাত্রা এনে দেয়,আবার একই সঙ্গে এটি নতুন ঝুঁকি এবং চ্যালেঞ্জও উত্থাপন করে। কাজেই,গ্রাহকদের নতুন ধরনের আর্থিক পণ্য এবং পরিষেবাগুলির সাথে পরিচিত করিয়ে আর্থিক স্বাক্ষরতা বৃদ্ধির মাধ্যমে আমরা তাদের দক্ষ ও সচেতন করতে চাই।

## ৩। ব্যাংক লোনের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স কি ব্যবসা শুরুর আগে করা জরুরী নাকি পরে করলেও কোন সমস্যা নেই?

হ্যাঁ, ব্যবসা এর শুরু থেকেই ট্রেড লাইসেন্স থাকা খুবই গুরুত্বপূর্ণ। কারণ,ট্রেড লাইসেন্স নিয়ন্ত্রক কর্তৃপক্ষ দ্বারা ইস্যু করা হয় যা কোন ব্যক্তি বা সংস্থার প্রয়োজনীয় আর্থিক যোগ্যতা ও অভিজ্ঞতাকে নির্দেশ করে এবং এটি ব্যাংক ঋণের আবেদনের জন্যও অবশ্য প্রয়োজনীয়।

## ৪। নিয়মিত ট্রেড লাইসেন্স নবায়ন করা কি গুরুত্বপূর্ণ ?

হ্যাঁ, নিয়মিত ট্রেড লাইসেন্স নবায়ন করা জরুরি। ট্রেড লাইসেন্স হল একটি আইনি নথি যা একটি নির্দিষ্ট সময়ের জন্য একটি নির্দিষ্ট স্থানে একটি ব্যবসা পরিচালনা করার অনুমতি প্রদান করে। লাইসেন্সের মেয়াদ শেষ হয়ে গেলে ব্যবসাটি আর সেই স্থানে কার্যকর থাকার জন্য অনুমোদিত নয়। সুতরাং যে কোন রকম ব্যাংকিং সহায়তার জন্য নিয়মিত ট্রেড লাইসেন্স নবায়ন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## ৫। নিয়মিত ব্যবসা পরিচালনার জন্য শুধু টিন (TIN) থাকলেই যথেষ্ট নাকি নিয়মিত ট্যাক্স রিটার্ন জমা দেয়ার ভিত্তিতে জমা রশিদ ও সংরক্ষন করতে হবে?

না,একটি ব্যবসা পরিচালনা করার জন্য শুধুমাত্র একটি টিন (TIN) থাকাই যথেষ্ট নয়। নিয়মিত ট্যাক্স রিটার্ন জমা দেওয়া এবং সেই কপিগুলো সংরক্ষণ করা খুবই গুরুত্বপূর্ণ। কারণ,ট্যাক্স রিটার্ন জমা দেওয়ার কপি ব্যাংকিং কর্মকান্ডের জন্য একটি গুরুত্বপূর্ণ নথি।

প্রাইম ব্যাংক পিএলসি., আদমজী কোর্ট এনেক্স বিল্ডিং-২, ১১৯-১২০, মতিঝিল সি/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: +৮৮০ (২) ২২৩৩৮৭২৬৫ । ফ্যাক্স: ৮৮০-২-৯৫৬৭২৩০ । ইমেইল: info@primebank.com.bd | ওয়েব: www.primebank.com.bd

## ৬। সিএমএসএমই (CMSME) বলতে কি বুঝায়? এবং এর শ্রেণিবিভাগ।

CMSME (সিএমএসএমই) চারটি ইংরেজী শব্দের প্রথম অক্ষর।

C হচ্ছে Cottage; M হচ্ছে Micro; S হচ্ছে Small; M হচ্ছে Medium এবং E তে Enterprise অর্থাৎ শিল্প, সেবা বা ব্যবসায়িক উদ্যোগকে বুঝায়। কাজেই CMSME হলো Cottage (কুটির), Micro (মাইক্রো), Small (ক্ষুদ্র) ও Medium (মাঝারি) খাতে গৃহীত উদ্যোগ।

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (CMSME) শিল্পের সংজ্ঞার আলোকে উদ্যোগসমূহের শ্রেণিবিভাগ নিম্নরূপ:

কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (CMSME) উদ্যোগের সংজ্ঞা ও সর্বোচ্চ ঋণসীমা:

| উদ্যোগের ধরণ | শিল্প ব্যবসা | শিল্প উদ্যোগের ধরণ নির্ণয়ের মানদণ্ড (বড় নির্ণায়ক প্রযোজ্য হবে) | | সর্বোচ্চ ঋণসীমা |
|---|---|---|---|---|
| | | জমি এবং ভবন ব্যতিরেকে প্রতিস্থাপন ব্যয়সহ মোট স্থায়ী সম্পদের মূল্য | শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত / কর্মরত জনবলের সংখ্যা | |
| কটেজ শিল্প | উৎপাদনশীল শিল্প | ১০ লক্ষ টাকার কম | পারিবারিক সদস্যসহ সর্বোচ্চ ১৫ জন | ৳ ১৫ লক্ষ |
| মাইক্রো শিল্প | উৎপাদনশীল শিল্প | ১০ লক্ষ টাকা থেকে ৭৫ লক্ষ টাকার কম | ১৬ থেকে ৩০ জন বা তার চেয়ে কম | ৳ ১.০০ কোটি |
| | সেবা শিল্প | ১০ লক্ষ টাকার কম | সর্বোচ্চ ১৫ জন | ৳ ২৫ লক্ষ |
| | ট্রেডিং ব্যবসা | ১০ লক্ষ টাকার কম | সর্বোচ্চ ১৫ জন | ৳ ৫০ লক্ষ |
| | | অথবা ব্যবসা প্রতিষ্ঠানের টার্নওভার / বার্ষিক লেনদেন এর পরিমাণ সর্বোচ্চ ২ কোটি টাকা | | |
| ক্ষুদ্র শিল্প | উৎপাদনশীল শিল্প | ৭৫ লক্ষ টাকা থেকে ১৫ কোটি টাকা | ৩১ থেকে ১২০ জন | ৳ ২০ কোটি |
| | সেবা শিল্প | ১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকার কম | ১৬ থেকে ৫০ জন | ৳ ৫ কোটি |
| | ট্রেডিং ব্যবসা | ১০ লক্ষ টাকা হতে ২ কোটি টাকা | ১৬ থেকে ৫০ জন | ৳ ৫ কোটি |
| | | অথবা ব্যবসা প্রতিষ্ঠানের টার্নওভার / বার্ষিক লেনদেন এর পরিমাণ ২ কোটি টাকার অধিক কিন্তু ২০কোটি টাকার বেশী নয় | | |
| মাঝারি শিল্প | উৎপাদনশীল শিল্প | ১৫ কোটি টাকার অধিক কিন্তু ৫০ কোটি টাকার বেশী নয় | ১২১ থেকে ৩০০ জন; তবে তৈরী পোশাক শিল্প / শ্রমঘন শিল্প এর জন্য সর্বোচ্চ ১০০০ জন | ৳ ৭৫ কোটি |
| | সেবা শিল্প | ২ কোটি টাকা থেকে ৩০ কোটি টাকা | ৫১ থেকে ১২০ জন | ৳ ৫০ কোটি |

## ৭। সিএমএসএমই গ্রাহকগন প্রাইম ব্যাংক হতে কি কি ঋণ সুবিধা পেতে পারেন?

- প্রাইম সহজ / হাসানাহ্ সহজ: ১ কোটি টাকা পর্যন্ত জামানত বিহীন ব্যবসায়িক ঋণ / বিনিয়োগ সুবিধা।
- প্রাইম সম্ভাবনা / হাসানাহ্ সম্ভাবনা: ১ কোটি টাকা পর্যন্ত মর্টগেজ বিহীন ব্যবসায়িক ঋণ / বিনিয়োগ সুবিধা।
- প্রাইম সম্পদ / হাসানাহ্ সম্পদ: স্থায়ী সম্পদ অর্থায়নে ৫ কোটি টাকা পর্যন্ত ঋণ / বিনিয়োগ সুবিধা।
- প্রাইম চলতি / হাসানাহ্ চলতি: ৫ কোটি টাকা পর্যন্ত চলতি মূলধনের জন্য ঋণ / বিনিয়োগ সুবিধা।
- প্রাইম ইমারত / হাসানাহ্ ইমারত: ভাড়ার উদ্দেশ্যে সেমি পাকা / পাকা, আবাসিক / বাণিজ্যিক ভবন, দোকান নির্মাণ ও সংস্কারের জন্য ১০ কোটি টাকা পর্যন্ত ঋণ / বিনিয়োগ সুবিধা।
- প্রাইম আঁচল: নারী উদ্যোক্তাদের জন্য ৫০ লক্ষ টাকা পর্যন্ত জামানত বিহীন ঋণ সুবিধা।

বিশেষায়িত ঋণ

- প্রাইম স্টার্ট-আপ: উদ্ভাবনী, সৃজনশীল ও প্রযুক্তি সমৃদ্ধ স্টার্ট-আপ উদ্যোক্তাদের জন্য ১ কোটি টাকা পর্যন্ত ঋণ সুবিধা।
- প্রাইম ডিলার / হাসানাহ্ ডিলার: ডিলারশীপ ব্যবসায়ের জন্য ১ কোটি টাকা পর্যন্ত জামানত বিহীন ব্যবসায়িক ঋণ / বিনিয়োগ সুবিধা।
- প্রাইম সংযোগ: ইনভয়েস এর বিপরীতে জামানত বিহীন চলতি মূলধন ঋণ সুবিধা।
- সিএমএসএমই ক্লাস্টারভিত্তিক অর্থায়ন: বিভিন্ন ক্লাস্টারের অন্তর্ভুক্ত উদ্যোক্তাদের জন্য ব্যবসায়িক ঋণ / বিনিয়োগ সুবিধা।

## ৮। 'সিএমএসএমই' লোন ফাইল এসেসমেন্ট এর ক্ষেত্রে ব্যাংক কি শুধুমাত্র জামানতের পর্যাপ্ততাই বিবেচনা করে?

সিএমএসএমই লোন ফাইল এসেসমেন্ট এর ক্ষেত্রে ব্যাংক জামানতের পর্যাপ্ততা যাচাই এর পাশাপাশি ব্যবসায়িক ঋণ গ্রহণের কারণ মূল্যায়ন, গ্রাহকের ঋণ পরিশোধের ক্ষমতা, ব্যবসা থেকে নগদ প্রবাহ এবং গ্রাহকের ইক্যুইটিও মূল্যায়ন করে থাকে।

## ৯। গ্রাহকরা কি জামানত ছাড়াই সিএমএসএমই লোন পেতে পারেন?

হ্যাঁ, গ্রাহকরা ১ কোটি টাকা পর্যন্ত ঋণ জামানত ছাড়াই পেতে পারেন। সেক্ষেত্রে থার্ড পার্টি গ্যারেন্টার এর প্রয়োজন হয়।

## ১০। স্মার্ট আর্থিক লেনদেনের মাধ্যমে একটি ব্যাংকিং প্রোফাইল তৈরি করার জন্য একজন সিএমএসএমই গ্রাহকের দায়িত্ব কী?

অ্যাকাউন্টে স্মার্ট আর্থিক লেনদেনের মাধ্যমে একটি ব্যাংকিং প্রোফাইল তৈরি করার জন্য একজন গ্রাহকের দায়িত্ব নিম্নরূপ-

- একটি ব্যাংকিং অ্যাকাউন্ট বজায় রাখা: একটি ব্যাংকিং প্রোফাইল তৈরি করার জন্য প্রথম ধাপ হল একটি ব্যাংক অ্যাকাউন্ট খোলা। আপনার ব্যবসার প্রয়োজন অনুসারে একটি ব্যাংক বেছে নিন এবং অ্যাকাউন্ট খোলার প্রক্রিয়াটি সম্পূর্ণ করুন।
- নিয়মিত লেনদেন পরিচালনা করা: অ্যাকাউন্ট খোলার পরে, আমানত, উত্তোলন, বিল পেমেন্ট ইত্যাদির মতো বিভিন্ন লেনদেনের মাধ্যমে এটি নিয়মিত ব্যবহার করা শুরু করুন। এটি অ্যাকাউন্টে একটি নিয়মিত লেনদেনের প্রক্রিয়া তৈরি করতে সাহায্য করবে যা ভবিষ্যতে ঋণ পাওয়ার জন্য অপরিহার্য।
- নিয়মিতভাবে লাইসেন্স ও ডকুমেন্ট আপডেট করা: আপনার প্রয়োজনীয় লাইসেন্স, অনুমোদন, ডকুমেন্ট আপডেট রাখুন এবং ব্যাংককে অবহিত করুন। আপনার ঠিকানা, যোগাযোগের বিশদ বিবরণ বা আয়ের স্থিতিতে কোনো পরিবর্তন হলে অবিলম্বে ব্যাংককে জানান।
- একটি ভাল ক্রেডিট স্কোর বজায় রাখা: সময়মতো বিল পরিশোধ করা এবং দায়িত্বের সাথে আপনার ঋণ পরিচালনা করা একটি ভাল ক্রেডিট স্কোর বজায় রাখতে সাহায্য করতে পারে। একটি ভাল ক্রেডিট স্কোর ভবিষ্যতে ব্যাংক থেকে ঋণ পাওয়ার সম্ভাবনাকে উন্নত করবে।
- ব্যাংকের সাথে যোগাযোগ: ফোন কল, ইমেল, শাখা পরিদর্শন ইত্যাদির মাধ্যমে ব্যাংকের সাথে নিয়মিত যোগাযোগ বজায় রাখুন। এটি ব্যাংকের সাথে সম্পর্ক গড়ে তুলতে সাহায্য করবে এবং আপনার অনুকূল আর্থিক সুবিধা পাওয়ার সম্ভাবনা বৃদ্ধি করবে।
- ব্যাংক স্টেটমেন্ট পর্যালোচনা করা: সমস্ত লেনদেন সঠিক এবং কোনও ত্রুটি বা অননুমোদিত লেনদেন নেই তা নিশ্চিত করতে নিয়মিত আপনার ব্যাংক স্টেটমেন্ট পর্যালোচনা করুন। এটি যেকোনো প্রতারণামূলক কার্যকলাপ প্রতিরোধ করতে এবং আপনার ব্যাংকিং প্রোফাইলকে সুরক্ষিত রাখতে সাহায্য করবে।

## ১১। সিএমএসএমই গ্রাহকদের জন্য সঠিক নথিপত্র সংরক্ষনের সুবিধাগুলো কি কি?

- স্বল্পতম সময়ে নথি প্রস্তুতি: যখন সিএমএসএমই গ্রাহকরা ঋণের আবেদনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টেশন সম্পর্কে ভালভাবে অবগত থাকেন, তখন তাদের সম্পূর্ণ এবং সঠিক নথি জমা দেওয়ার সম্ভাবনা বেশী থাকে। এটি ঋণ প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় সময় হ্রাস করে এবং ঋণ অনুমোদনের সম্ভাবনা বাড়ায়।

- প্রক্রিয়াকরণের সময় হ্রাস: অসম্পূর্ণ বা ভুল ডকুমেন্টেশনের ফলে ঋণ প্রক্রিয়াকরণে বিলম্ব হতে পারে, যা উদ্যোক্তাদের জন্য হতাশাজনক হতে পারে। যদি গ্রাহকরা ইতিমধ্যেই ডকুমেন্টেশনের প্রয়োজনীয়তা সম্পর্কে জানেন তবে তারা সম্পূর্ণ এবং সঠিক নথি জমা দিতে পারেন, প্রক্রিয়াকরণের সময় কমাতে এবং দ্রুত ঋণ বিতরণ সক্ষম করে।

- ঋণদাতাদের জন্য ঝুঁকি হ্রাস: গ্রাহকরা যখন সম্পূর্ণ এবং সঠিক ডকুমেন্টেশন জমা দেন, তখন ঋণদাতারা ব্যবসার আর্থিক অবস্থার উপর ভিত্তি করে ঋণ অনুমোদন সম্পর্কে সিদ্ধান্ত নিতে পারেন। এটি ঋণের খেলাপি বা অনাদায়ের ঝুঁকি হ্রাস করে, যা ঋণদাতা এবং গ্রাহক উভয়ের জন্যই উপকারী।

- প্রতিযোগিতামূলক সুবিধা: একটি পরিচ্ছন্ন ক্রেডিট রেকর্ড এবং দৃঢ় ব্যাংকিং অভ্যাস একটি প্রতিযোগিতামূলক সুবিধা গ্রাহককে দিতে পারে। গ্রাহকরা তাদের শক্তিশালী আর্থিক ব্যবস্থাপনার দক্ষতার কারণে ঋণদাতাদের কাছে সবসময়ই বেশী গ্রহনযোগ্য হয়।

## ১২। মহিলা উদ্যোক্তাগন কি পুরুষ উদ্যোক্তাগনের চেয়ে অপেক্ষাকৃত কম টাকা লোন হিসাবে পান?

না, ঋণের পরিমাণ পুরুষ বা মহিলা ভেদে আলাদা হয় না। কিছু নির্দিষ্ট মানদণ্ডের উপর ভিত্তি করে ব্যবসায়িক মূল্যায়ন দ্বারা ব্যাংক কতৃপক্ষ ঋণের পরিমাণ নির্ধারন করে থাকেন।

## ১৩। মহিলা উদ্যোক্তাগন ঋণ আবেদন করলে কি অতিরিক্ত গ্যারেন্টারের প্রয়োজন পড়ে?

না, গ্যারেন্টারের প্রয়োজনীয়তা পুরুষ কিংবা মহিলা উদ্যোক্তা ভেদে আলাদা নয়।

## ১৪। যে সকল ব্যবসায়ীগনের বছরের বিশেষ বিশেষ সময়ে অতিরিক্ত অর্থের যোগানের প্রয়োজন হয় (যেমনঃ ঈদের সময় কাপড়, জুতা ইত্যাদির ব্যবসা), তাদের জন্য বিশেষ কোন সিজনাল বা শর্ট টার্ম লোনের কোন ব্যবস্থা কি প্রাইম ব্যাংকের আছে?

হ্যাঁ, এই ধরনের লোনের তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট ভিজিট করুন অথবা আপনার রিলেশনশিপ ম্যানেজারের সাথে যোগাযোগ করুন।

## ১৫। ঋণের গ্যারেন্টর সম্পর্কে বিশদভাবে জানার জন্য গ্রাহকদের করনীয় কি?

ঋণের গ্যারেন্টর সম্পর্কে বিশদভাবে জানার জন্য :

- গ্রাহকরা গ্যারান্টারদের সাথে সম্পৃক্ত সমস্ত নিয়ম ও শর্তাবলী এবং সম্পৃক্ত নথি ভালোভাবে পড়বেন যাতে ঋণ গ্রহীতার পাশাপাশি গ্যারান্টারদের ভূমিকা এবং দায়িত্ব সম্পর্কেও গ্রাহক ভালোভাবে বুঝতে পারেন।
- এই বিষয়ে যে কোন প্রশ্ন থাকলে তা রিলেশনশিপ ম্যানেজার (RM) এর সাথে কথা বলে নিশ্চিত হতে হবে।

## ১৬। ঋণের এসেসমেন্ট ও পূর্বশর্ত সম্পর্কে কিভাবে গ্রাহকরা অবহিত হতে পারেন?

ঋণের এসেসমেন্ট ও পূর্বশর্ত সম্পর্কে বিস্তারিত জানার জন্যঃ

- গ্রাহকগন আমাদের ওয়েবসাইট ভিজিট করতে পারেন।
- রিলেশনশিপ ম্যানেজারের নিকট হতে যাবতীয় প্রশ্নের উত্তর পেতে পারেন।
- নিকটস্থ ব্রাঞ্চ এ যোগাযোগ করতে পারেন।

## ১৭। বাংলাদেশ ব্যাংক হতে কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (CMSME) উদ্যোক্তারা কি কি সুবিধা পেতে পারে?

কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (CMSME) উদ্যোক্তারা বাংলাদেশ ব্যাংক হতে নিম্নোক্ত বিশেষ সুবিধাসমূহ পেতে পারেন

- ২৫০০০ কোটি টাকার তহবিল হতে সর্বোচ্চ ৭% হারে অর্থায়ন এবং ক্রেডিট গ্যারান্টি সুবিধা।
- নতুন উদ্যোক্তাদের জন্য সর্বোচ্চ ৭% হারে পুনঃঅর্থায়ন।
- নারী উদ্যোক্তাদের জন্য সর্বোচ্চ ৫% হারে পুনঃঅর্থায়ন এবং ঋণ পরিশোধে ১% প্রণোদনা।
- উদ্ভাবনী, সৃজনশীল ও প্রযুক্তি সমৃদ্ধ Start-up উদ্যোগের জন্য ৪% হারে অর্থায়ন।
- কৃষি পণ্য প্রক্রিয়াজাত করার জন্য (ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বাইরে) সর্বোচ্চ ৭% হারে অর্থায়ন।
- ইসলামী শরিয়াহ্ ভিত্তিক তহবিল হতে অর্থায়ন (কৃষিভিত্তিক শিল্প, ক্ষুদ্র উদ্যোগ, নতুন উদ্যোগের জন্য) ।
- প্রতিটি ব্যাংক শাখা হতে প্রতি বছর কমপক্ষে ৩ জন নতুন নারী উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান এবং কমপক্ষে একজনকে অর্থায়ন।

## ১৮। ব্যাংক থেকে সিএমএসএমই ঋণ নেয়ার জন্য কি কি ডকুমেন্ট এর প্রয়োজন হয়?

- হালনাগাদ ট্রেড লাইসেন্স।
- গ্রাহক এবং জামিনদারের ছবি (ল্যাবপ্রিন্ট)।
- গ্রাহক এবং জামিনদারের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- ব্যবসায়ের বয়স প্রমাণের জন্য নথি (পুরাতন ট্রেড লাইসেন্স/ ব্যাংক স্টেটমেন্ট/ভাড়ার চুক্তিপত্র /অন্যান্য)
- ইউটিলিটি বিলের কপি (বিদ্যুৎ/গ্যাস/টেলিফোন) ।
- নিবন্ধিত অংশীদারি চুক্তিপত্র (শুধুমাত্র অংশীদারি ব্যবসার জন্য) ।
- কোম্পানির স্মারকলিপির কপি, কোম্পানির নিবন্ধের কপি, কোম্পানির নামকরণের ছাড়পত্র, পরিচালকগণের তালিকা ফর্ম ১২, ঋণ আবেদনের পক্ষে বোর্ড এর সম্মতিপত্র ।
- আয়কর রিটার্ন দাখিলের প্রমাণপত্র (৫ লাখ টাকার বেশি ঋণের ক্ষেত্রে প্রযোজ্য)
- আর্থিক বিবরণী, যদি থাকে।

এছাড়া, ঋণ এবং ব্যবসার ধরনের উপর নির্ভর করে ব্যাংক অতিরিক্ত কাগজপত্র নিতে পারে।

প্রাইম ব্যাংক পিএলসি., আদমজী কোর্ট এনেক্স বিল্ডিং-২, ১১৯-১২০, মতিঝিল সি/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: +৮৮০ (২) ২২৩৩৮৭২৬৫ । ফ্যাক্স: ৮৮০-২-৯৫৬৭২৩০ । ইমেইল: info@primebank.com.bd | ওয়েব: www.primebank.com.bd